

দৈনিক সংবাদ

তারিখ:
পৃষ্ঠা: ১৬ ... কলাম: ...

চাটমোহরের এনায়েতুল্লাহ মাদ্রাসায় নকল চলছে অপ্রতিহত গতিতে

চাটমোহর (পাবনা) থেকে সংবাদ-দাতা : চলতি দাখিল পরীক্ষার চাটমোহর এনায়েতুল্লাহ সিনিয়র মাদ্রাসা কেন্দ্রে নকলের মহোৎসব অব্যাহত রয়েছে। এই কেন্দ্রের প্রতিটি কক্ষে শিক্ষকদের সহায়তায় পরীক্ষার্থীরা বই দেখে উত্তর লেখার প্রতিযোগিতায় মেতে উঠেছে। প্রতিটি কক্ষে যেন নকলের হাট বসে। গত বুধবার এই কেন্দ্রে নকলের মাত্রা কিছু কমলেও গত ২১শে মার্চ আরবি সাহিত্য পরীক্ষায় নকল চলছে দুর্দম গতিতে। এদিনেও এ কেন্দ্রে ২ পরীক্ষার্থী ও একজন শিক্ষককে বহিষ্কার করা হয়েছে। এ নিয়ে এ পর্যন্ত এই কেন্দ্রে মোট ১৮ জন পরীক্ষার্থী ও ৪ জন শিক্ষককে বহিষ্কার করা হয়েছে। এছাড়া ২ জন শিক্ষককে কেন্দ্র থেকে প্রত্যাহার করা হয়। এ সংবাদদাতা গত বৃহস্পতিবার এনায়েতুল্লাহ মাদ্রাসা কেন্দ্রে গিয়ে দেখতে পান প্রতিটি কক্ষেই ছাত্র-ছাত্রীরা বই খুলে অবাধে লিখছে। চলছে দেখাদেখি, হই-হুয়োড়, চেঁচামেচি। শিক্ষকরা নকলে করছে সহায়তা। পরিদর্শনের এক পর্যায়ে কেন্দ্রের কর্তব্যরত সহকারী কমিশনার (ডুমি) বলেন, যাও অনেক দেখেছ, এবার চলে যাও। চলে আসার সময় জনৈক শিক্ষক হাত ধরে টানতে থাকেন কেন্দ্র সচিবের রুমে নেয়ার জন্য। একাধিক সূত্রে জানা গেছে, কেন্দ্র

সচিবের সঙ্গে সহকারী কমিশনার (ডুমি)-এর রয়েছে অলিখিত আর্থিক চুক্তি। এদিকে বিভিন্ন দিনে এই কেন্দ্রের নকলবাজি সংবাদ প্রকাশ হওয়ায় সুবিধাবাদী অনেকেই নাখোশ।

প্রধান আসামির বাড়িতে ভূরিভোজ!

চাটমোহর থানার এক এএসআই ফৈলজানা খ্রিস্টান পত্নীতে হামলা, ভাঙচুর ও লুটপাটের আসামি ধরতে গিয়ে প্রধান আসামির বাড়িতেই ভূরিভোজ সারলেন। গত ১৮ই মার্চ থানার এক এএসআই ফৈলজানার ইউপি চেয়ারম্যান ও মামলার প্রধান আসামি শাজাহান আলীর বাড়িতে পোলাও-মাংস দিয়ে ভূরিভোজ করেছেন। যদিও শাজাহান আলী ঘটনার পর থেকেই পলাতক। এ নিয়ে এলাকায় বিরূপ প্রতিক্রিয়া সৃষ্টি হয়েছে।

ট্রেনের ধাক্কায় স্কুল শিক্ষিকার মৃত্যু
গত ২০শে মার্চ ভাঙড়া উপজেলার শরৎনগরের আন্তঃনগর পদ্মা ট্রেনের ধাক্কায় আসমা খাতুন (২২) নামে এক স্কুল শিক্ষিকার মৃত্যু হয়েছে। জানা গেছে, উপজেলার চর ভাঙ্গড়া গ্রামের আন্তঃনগর আলী খাঁর মেয়ে আসমা সকালে রেল লাইনের ধার দিয়ে কৈডাসায় তার কর্মস্থলে যাচ্ছিলেন। পথিমধ্যে অসাবধানতাবশত ট্রেনের ধাক্কায় ছিটকে পড়ে।